# Remitly রেফারেল প্রোগ্রামের নিয়ম ও শর্তাবলী - 05.10.2024 তারিখে আপডেট করা হয়েছে

## নিয়ম ও শর্তাবলী:

রেফারেল প্রোগ্রাম নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলী ("চুক্তি"), বিভাগ 10-এ ব্যাখ্যা করা উপযুক্ত Remitly এন্টিটি ("Remitly," “আমরা” বা “আমাদের”) এবং আপনার ("আপনি" বা "আপনার") অর্থাৎ Remitly রেফারেল প্রোগ্রামে ("রেফারেল প্রোগ্রাম") অংশগ্রহণকারীর মধ্যে প্রযোজ্য। রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ করার অর্থ হল এই চুক্তি, Remitly-এর ব্যবহারকারীর চুক্তি, গোপনীয়তা নীতি ও যথাস্থানে স্থিত আমাদের অন্যান্য সমস্ত চুক্তির শর্তাবলী যা আপনার ক্ষেত্রে প্রযোজ্য, সেইগুলি আপনাকে মেনে চলতে হবে। এই চুক্তির মধ্যে দেখানো নিয়ম ও শর্তাবলীতে আপনি সম্পূর্ণরূপে সম্মত না হলে, রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ করার অনুমতি আপনি পাবেন না।

## 1. রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ

এই চুক্তির শর্তাবলী ও সেই শর্তের বিস্তারিত ব্যাখ্যায় উল্লেখ করা প্রয়োজনীয়তাসমূহ মেনে চললে তবেই আপনি রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ করে রিওয়ার্ড পেতে পারবেন। রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ করতে হলে, আপনার কাছে অবশ্যই Remitly-তে রেজিস্টার করা একটি অ্যাকাউন্ট থাকতে হবে। আপনার বা আপনার রেফারেলের বিষয়ে আমরা অতিরিক্ত তথ্য জিজ্ঞাসা করতে পারি, কারণ সেটি আমাদের 'আপনার গ্রাহককে জানুন (Know Your Customer)' সংক্রান্ত প্রয়োজনীয়তার একটি অঙ্গ হিসাবে আপনার পরিচিতিকে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে। আপনি এটি বুঝেছেন যে এই ধরনের তথ্য প্রদান রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ ও যেকোনো উপলভ্য রিওয়ার্ড পাওয়ার জন্য একটি আবশ্যকীয় শর্ত।

## 2. বৈধ রেফারেলের জন্য প্রয়োজনীয়তাসমূহ

পরের বার আপনি যখন Remitly ব্যবহার করে টাকা পাঠাবেন তখন ডিসকাউন্ট, বোনাস, ফি না দিয়েই টাকা পাঠানো, তৃতীয় পক্ষের থেকে গিফ্ট কার্ডের মতো প্রচারমূলক কোনো অফার পাবেন। আপনি যাদেরকে Remitly ব্যবহার করার জন্য রেফার করবেন তাদের প্রত্যেকেই ("রিওয়ার্ড") পাবেন তবে তাদের নিম্নলিখিত সমস্ত শর্ত ("রেফারেল") পূরণ করতে হবে:: ক. আপনি যাকে রেফার করছেন তিনি যেন সরাসরি আপনার রেফারেল পদ্ধতি ব্যবহার করেই (যেমন আপনার শেয়ার করা অনন্য লিঙ্কে ক্লিক করে) Remitly পরিষেবা অ্যাক্সেস করেন এবং ওই লিঙ্কের মাধ্যমে সফলভাবে Remitly-তে সাইন আপ করেন; খ. আপনার রেফারেল যে উপায় অবলম্বন করে আপনি ছাড়া অন্য কোনো ব্যক্তিকে Remitly-এর মাধ্যমে তার প্রথম ট্রান্সফার সফলভাবে পাঠান, সেই উপায়টি যেন অবশ্যই আমাদের ব্যবহারকারীর চুক্তি ও আমাদের পরিষেবার মাধ্যমে নির্দিষ্ট করা টাকা পাঠানোর অন্য যেকোনো অতিরিক্ত শর্ত অনুযায়ী পরিচালিত হয়;  গ. আপনার রেফারেলের ট্রান্সফার বাতিল না করা হয় (হয় রেফারেল বা Remitly দ্বারা);  ঘ. আপনি কোনো অতিরিক্ত প্রোগ্রামের প্রয়োজনীয়তা, বিধিনিষেধ বা পুরষ্কার দাবি করার আপনার ক্ষমতার সীমাবদ্ধতার সাপেক্ষে নন যা আমরা সময়ে সময়ে যোগ করতে পারি এবং যে বিষয়ে আমরা আপনাকে এই চুক্তির মাধ্যমে বা আমাদের পরিষেবার মাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান করব।

## 3. রিওয়ার্ড

Remitly-এর ইচ্ছানুসারে সময়ে সময়ে রিওয়ার্ডের পরিবর্তন হতে পারে; যদিও রিওয়ার্ড পরিবর্তন করার আগেই রেফারেল কাজটি সম্পূর্ণ করে থাকলে সেই সংশ্লিষ্ট রিওয়ার্ডটি প্রদান করা হবে। এই রেফারেল প্রোগ্রামের জালিয়াতি বা অপব্যবহার প্রতিরোধ করার জন্য, আপনার কোনো রিওয়ার্ড দাবি করার উপরে আমরা অতিরিক্ত প্রয়োজনীয়তা, সীমা বা বিধিনিষেধ আরোপ করতে পারি যা এই চুক্তি বা আমাদের পরিষেবার মাধ্যমে আপনাকে জানিয়ে দেওয়া হবে। রিওয়ার্ড প্রচারমূলক উদ্দেশ্যে প্রদান করা হয়; এগুলির নগদ মূল্য নেই এবং এগুলিকে হয়তো নগদ বা অন্য কোনো অর্থ সংক্রান্ত মূল্যতে ট্রান্সফার বা বিনিময় করা যাবে না।

## 4. যেসব ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে

আপনি এই চুক্তির শর্ত সাপেক্ষে রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ করার ব্যাপারে সম্মতি প্রদান করছেন। আপনি নিম্নলিখিত বিষয়গুলি করতে পারবেন না, প্রতিটি একটি "নিষিদ্ধ ব্যবহার": ক) Remitly-এর বর্তমান গ্রাহককে রেফার করা, অন্য কোনো পরিচিতি, লগ-ইন, রেজিস্ট্রেশন বা অন্যান্য অনুরূপ পদ্ধতির মাধ্যমেও তা করা যাবে না; খ) 18 বছরের কম বয়সী কোনো ব্যক্তিকে রেফার করা; গ) আপনার নিজের জন্য একাধিক পরিচিতি, লগ-ইন বা রেজিস্ট্রেশন তৈরি করা; ঘ) কোনো জাল, ডুপ্লিকেট, প্রতারক বা অন্যথায় অস্তিত্বহীন লোকজনকে রেফার করা; ঙ) কোনো বাল্ক ডিস্ট্রিবিউশন পদ্ধতির মাধ্যমে কাউকে রেফার করা, কোনো অপরিচিত ব্যক্তিকে আমন্ত্রণ জানানো অথবা এমন কোনো উপায়ে আমন্ত্রণ জানানো যাকে প্রযোজ্য আইন বা প্রবিধানের অধীনে কোনো অযাচিত ইমেইল, ইলেকট্রনিক কমিউনিকেশন বা স্প্যাম বলে মনে করা হয় বা তেমন মনে হওয়ার সম্ভাবনা থাকে; চ) কোনো ব্যবসায়িক উদ্দেশ্যে রেফারেল প্রোগ্রামকে ব্যবহার করা; ছ) রেফারেল প্রোগ্রামে এমনভাবে অংশগ্রহণ করা যার ফলে Remitly ব্র্যান্ড, এটির সুনাম বা মর্যাদার মানহানি হয় বা তা কলঙ্কিত হয়; জ) এমন কোনো জায়গায় রেফারেল প্রোগ্রামে অংশগ্রহণ করা যেখানে এটি করা প্রযোজ্য আইন, সংবিধি বা প্রবিধান অনুযায়ী নিষিদ্ধ বলে ঘোষণা করা হয়েছে; অথবা ঝ) রেফারেল প্রোগ্রামকে এমন কোনোভাবে ব্যবহার করা যাতে বিভিন্ন প্রশ্নের উত্থাপন হয় অথবা যা এই চুক্তি, ব্যবহারকারীর চুক্তি (অ-নগণ্য যেকোনো প্রকারে), বা আপনার সাথে আমাদের রয়েছে এমন অন্য যেকোনো চুক্তির লঙ্ঘন করে অথবা যেকোনো আইন, সংবিধি বা সরকারি প্রবিধানের লঙ্ঘন করে। আপনি যদি এমন কার্যকলাপে জড়িত হন যা, আমাদের নিজস্ব বিবেচনার ভিত্তিতে, আমরা বিশ্বাস করি যে একটি নিষিদ্ধ ব্যবহার বা অন্যথায় এই চুক্তি লঙ্ঘন করে, তাহলে আপনি যোগ্য নন এবং Remitly ব্যবহার করে আপনার রেফারেলের পরবর্তী টাকা ট্রান্সফারের ক্ষেত্রে পুরস্কারের জন্য যোগ্য হবেন না। Remitly এমন কোনো রেফারেল বা রিওয়ার্ডের ডেলিভারিকে বাতিল বলে ঘোষণা করার অধিকার সংরক্ষণ করে, যেটি: (i) জালিয়াতিপূর্ণ বলে মনে হয়; (ii) কোনো জালিয়াতিপূর্ণ ট্রানজ্যাকশনের ফলস্বরুপ তৈরি হয়েছে বলে মনে হয়; অথবা (iii) অন্যথায় এই চুক্তি লঙ্ঘন করে, যেকোনো নিষিদ্ধ ব্যবহারে একটিতে জড়িত হওয়া সহ।

## 5. ডেটা সুরক্ষা

আপনি এই বিষয়ে আমাদেরকে ব্যক্ত করেছেন এবং হলফ করে জানিয়েছেন যে আপনি যেসব ব্যক্তির ডেটা আমাদের প্রদান করেছেন, তা সেইসব ব্যক্তির স্পষ্ট সম্মতি নিয়েই করা হয়েছে। আপনি এই ব্যাপারে আরও সম্মতি

দিয়েছেন যে আপনাকে এবং আপনি যে ব্যক্তির নাম রেফার করেছেন তাদেরকে রেফারেল প্রোগ্রামের ব্যাপারে কমিউনিকেশন পাঠাতে পারি যা আমাদের গোপনীয়তা নীতির সাথে সঙ্গতি বজায় রেখে করা হবে এবং আপনার রেফারেলের কাছে আপনার ব্যাপারে বিশদ এবং আপনিই সেই ব্যক্তির নাম আমাদের কাছে রেফার করেছিলেন তা জানানো হতে পারে। রেফারেল প্রোগ্রামে সংগ্রহ করা সব তথ্য আমাদের গোপনীয়তা নীতি অনুসারে পরিচালিত হবে।

## 6. দায়বদ্ধতার সীমাবদ্ধতা

আমাদের দ্বারা সংঘটিত সম্ভাব্য ক্ষয় বা ক্ষতির জন্য আমরা আপনার কাছে দায়বদ্ধ। আমরা যদি এই চুক্তির কোনো শর্ত পালন করতে ব্যর্থ হই, তাহলে আপনার হওয়া ক্ষয় বা ক্ষতির জন্য আমরা দায়বদ্ধ থাকব, যেটিকে এইসব শর্ত লঙ্ঘন করার কারণে সম্ভাব্য ফলাফল হিসাবে মনে করা যেতে পারে অথবা এমন কোনো ব্যর্থতার ক্ষেত্রেও আমরা দায়বদ্ধ থাকব যা প্রয়োজনীয় যত্ন বা দক্ষতার অভাবে ঘটেছে। কিন্তু এমন কোনো ক্ষয় বা ক্ষতির জন্য আমরা দায়বদ্ধ নই, যা আগে থেকে জানা সম্ভব নয়। সম্ভাব্য ক্ষয় বা ক্ষতি তখন হয় যখন ঘটনা ঘটার আগে থেকেই সেটি ঘটার সম্ভাবনা জানতে পারা যায় অথবা এমন কোনো ঘটনা হয় যা আমাদের চুক্তি হওয়ার সময় আমরা এবং আপনি, উভয়েই জানতে পারি যে এই ঘটনা ঘটতে চলেছে। এই চুক্তির শর্ত আপনার লঙ্ঘন করার ফলে যে ক্ষয় বা ক্ষতি আপনার হবে তার জন্য আমরা দায়বদ্ধ থাকব না। সম্ভাব্য ক্ষয় বা ক্ষতি আমাদের জন্য হয়ে থাকলে তা সেই সময়কালের একটি (1টি) রিওয়ার্ডের আর্থিক মূল্যের সমতুল্য হবে। আপনি এই বিষয়টিতে স্বীকৃতি দিয়েছেন এবং তাতে নিজের সম্মতি জ্ঞাপন করেছেন যে ক্ষয় বা ক্ষতির এই ধরনের সীমাবদ্ধতা ন্যায়সঙ্গত ও যুক্তিসঙ্গত। রিওয়ার্ডের ডেলিভারি সময়ের বা রেফারেল প্রোগ্রামের মাধ্যমে পাওয়া যেতে পারে এমন কোনো ফলাফলের সমর্থনে Remitly কোনো প্রতিনিধিত্ব বা নিশ্চয়তা প্রদান করে না। আপনার প্রতি আমাদের দায়বদ্ধ থাকার সীমার ক্ষেত্রে কিছু ব্যতিক্রম। এই চুক্তির আওতায় আপনার প্রতি আমাদের দায়বদ্ধতার সীমা প্রযোজ্য হবে না যদি আপনি এমন কোনো ক্ষতি ভোগ করেন যা নিম্নলিখিত কারণে হয়েছে: ক. আমাদের কাজকর্ম বা ভুলের (যার মধ্যে আমাদের অবহেলাও রয়েছে) জন্য মৃত্যু বা ব্যক্তিগতভাবে আঘাত লাগার কোনো ঘটনা ঘটলে; খ. আমাদের নাম করে জালিয়াতিপূর্ণ বা জালিয়াতিমূলক উপস্থাপনা করা হলে; গ. ব্যবসায়িক / বাণিজ্যিক ব্যবহার (রেফারেল প্রোগ্রাম ঘরোয়া নয় এমন কাজে বা ব্যক্তিগতভাবে ব্যবহার) এবং অন্যান্য নির্দিষ্ট কিছু ধরনের ক্ষতি; ঘ. প্রযোজ্য আইন মেনে চলার জন্য বা আমাদের নিয়ন্ত্রণের বাইরের কোনো কারণে আমরা যে পদক্ষেপগুলি নিই (যেমন লকআউট, দাঙ্গা, প্রাকৃতিক দুর্যোগ, বিদ্যুৎ সংযোগের সমস্যা, ইন্টারনেট কানেকশন ব্যাহত হওয়া, বিদ্যুৎ সংক্রান্ত গোলোযোগ বা রক্ষণাবেক্ষণের কারণে কাজকর্ম বন্ধ থাকার মতো ঘটনা)। অনুগ্রহ করে মনে রাখবেন যে কিছু নির্দিষ্ট বিচারবিভাগীয় ক্ষেত্রে প্রযোজ্য আইন অনুযায়ী সেইসব সংশ্লিষ্ট অঞ্চলের বাসিন্দারা নিচে দেওয়া বর্ণনা অনুযায়ী কিছু নির্দিষ্ট অধিকার ভোগ করতে পারেন: অস্ট্রেলিয়া: এই চুক্তিতে এমন কোনো বিষয় নেই যা কম্পিটিশন অ্যান্ড কনজিউমার অ্যাক্টের অধীনে প্রদত্ত উপভোক্তার জন্য বিধিবদ্ধ গ্যারেন্টিকে সীমিত, বহির্ভূত বা পরিবর্তন বা সীমিত করার চেষ্টা, এবং তার পাশাপাশি ASIC অ্যাক্ট বা অস্ট্রেলিয়ার সমস্ত স্টেটস ও টেরিটোরিতে প্রযোজ্য অনুরূপ উপভোক্তার অধিকার সুরক্ষা আইনের আওতায় যেকোনো ধরনের উহ্য ওয়ারেন্টিকে ("বহির্ভূত করা যায় না এমন গ্যারেন্টিসমূহ") বহির্ভূত বা পরিবর্তন করার কোনো চেষ্টা করতে পারে।

## 7. রিওয়ার্ডের ডেলিভারি

এই চুক্তির শর্তাবলীতে আপনি সম্মতি প্রদান করলেই Remitly-এর পক্ষ থেকে আপনার Remitly অ্যাকাউন্টে রিওয়ার্ড অটোমেটিক্যালি প্রযুক্ত হবে। আপনার দেশ বা যেকোনো নির্দিষ্ট কোর্টের বিচারাধীন অঞ্চলের কারণে আপনি প্রদত্ত পেমেন্ট পদ্ধতির মাধ্যমে পুরস্কার পাওয়ার ক্ষেত্রে উপযুক্ত না হলে, রিওয়ার্ড সংক্রান্ত পেমেন্ট এমন একটি উপায়ে করা হবে যা Remitly নিজস্ব ইচ্ছানুসারে বেছে নিয়েছে (তবে যুক্তিসঙ্গতভাবেই সেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে)। Remitly কোনো অর্জিত রিওয়ার্ডের ক্ষেত্রে ডেলিভারির সময়ের জন্য কোনো প্রতিশ্রুতি প্রদান করে না।

## 8. এই চুক্তি বা রেফারেল প্রোগ্রামে করা পরিবর্তন

আমরা যেকোনো সময়, কোনো আগাম বিজ্ঞপ্তি না দিয়েই, রেফারেল প্রোগ্রাম বা এই চুক্তিকে সংশোধন করার বা তা বাতিল করার অধিকার সংরক্ষণ করি। এই ধরনের কোনো পরিবর্তন ও বিজ্ঞপ্তির পরেও রেফারেল প্রোগ্রামে আপনি অংশগ্রহণ করা চালিয়ে গেলে, এটি ধরে নেওয়া হবে যে আপনি এই ধরনের পরিবর্তনে নিজের সম্মতি জ্ঞাপন করেছেন।

## 9. অন্যান্য শর্তাবলী

রেফারেল প্রোগ্রামের জন্য আপনার উপযুক্ততা, রিওয়ার্ড পাওয়া বা এই চুক্তির নিয়ম ও শর্তাবলী আপনার মেনে চলার ব্যাপারে উত্থাপিত সব ধরনের প্রশ্ন বা বিবাদের সমাধান আমাদের যুক্তিসঙ্গত ব্যাখ্যার সাপেক্ষেই সমাধা করা হবে। Remitly-এর একক কিন্তু যুক্তিসঙ্গত বিবেচনা অনুসারে, যদি আপনি বা আপনার রেফারেল এই চুক্তির শর্ত লঙ্ঘন করেন বা লঙ্ঘন করার চেষ্টা করেন অথবা অন্যথায় রেফারেল প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলির অপব্যবহার করেন তাহলে আপনার বা আপনার রেফারেলের অ্যাকাউন্ট(গুলি) বন্ধ করে দেওয়া বা রিওয়ার্ড বাতিল করার সুস্পষ্ট অধিকার আমরা সংরক্ষণ করি। Remitly-এর দ্বারা নিযুক্ত কর্মচারীর মাধ্যমে রিওয়ার্ড দাবি করা বা তা ব্যবহার করা যাবে না।

## 10. চুক্তির শর্ত নির্ধারণকারী ভাষা এবং আইন ও প্রযোজ্য REMITLY এন্টিটি

এই চুক্তির ইংরেজি ভার্সন ও অনুবাদ করা টেক্সটের মধ্যে কোনো অসঙ্গতি দেখা দিলে, ইংরেজি টেক্সটে দেওয়া বর্ণনাকেই চূড়ান্ত বলে নির্ধারণ করা হবে। Remitly রেফারেল প্রোগ্রাম প্রযোজ্য Remitly এন্টিটির দ্বারা প্রদত্ত ও পরিচালিত হয় এবং এই চুক্তির শর্তাবলী নির্ধারণকারী আইনগুলি আপনি যে দেশে বসবাস করেন, সেই দেশের উপর ভিত্তি করে পরিচালিত হয়।

**আপনি যে দেশে বসবাস করেন:** অস্ট্রেলিয়া

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly Australia Pty Ltd 1 Farrer Place, Sydney NSW 2000

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:**

**নিয়ন্ত্রণকারী আইন:**

**আপনি যে দেশে বসবাস করেন:** ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলভুক্ত দেশ

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly Europe Limited Ground Floor, 1 Albert Quay, Ballintemple, Cork, T12 X8N6, Ireland

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:** সেন্ট্রাল ব্যাঙ্ক অফ আয়ারল্যান্ডের দ্বারা নিয়ন্ত্রিত কোম্পানির নম্বর: 629909

**নিয়ন্ত্রণকারী আইন:** আয়ারল্যান্ড

**আপনি যে দেশে বসবাস করেন:** নিউজিল্যান্ড

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly (New Zealand) Limited, Level 30, Vero Centre, 48 Shortland Street, Auckland Central, 1052 New Zealand.

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:** ফাইন্যান্সিয়াল পরিষেবা প্রদানকারী রেজিস্টারে রেজিস্টার করা হয়েছে (FSP নম্বর 1003229)

**নিয়ন্ত্রণকারী আইন:** নিউজিল্যান্ড

**আপনি যে দেশে বসবাস করেন:** সিঙ্গাপুর

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly Singapore Pte. Ltd 38 Beach Road, #29-11 South Beach Tower, Singapore 189767

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:** ক্রস-বর্ডার মানি ট্রান্সফার সংক্রান্ত পরিষেবা প্রদান করার জন্য মনেটারি অথরিটি অফ সিঙ্গাপুরের দ্বারা লাইসেন্সপ্রদত্ত (UEN 201920838N)

**নিয়ন্ত্রণকারী আইন:** সিঙ্গাপুর

**আপনি যে দেশে বসবাস করেন:** যুক্তরাজ্য

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly U.K., Ltd. 78 Cannon Street, EC4N 6AF London, England, United Kingdom কোম্পানি নম্বর: 09896841

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:** Remitly, ই-মানি ও পেমেন্ট পরিষেবা প্রদান করার উদ্দেশ্যে, ইলেক্ট্রনিক মানি রেগুলেশনস 2011 (রেফারেন্স নম্বর 1047222)-এর অধীনে ফিন্যান্সিয়াল কন্ডাক্ট অথরিটি দ্বারা অনুমোদিত ও

নিয়ন্ত্রিত।

**নিয়ন্ত্রণকারী আইন:** ইংল্যান্ড এবং ওয়েলশ

**আপনি যে দেশে বসবাস করেন:** মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly, Inc. 401 Union Street, Suite 1000, Seattle, WA 98101

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:** নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগ দ্বারা এবং PR (TM-143)-এ একটি অর্থ প্রেরণকারী হিসাবে, MA-তে একটি বিদেশী প্রেরণকারী এজেন্সি হিসাবে এবং RI-তে একটি মুদ্রা প্রেরণকারী হিসাবে লাইসেন্সপ্রাপ্ত। NMLS নং. 1028236.

**নিয়ন্ত্রণকারী আইন:** স্টেট অফ ওয়াশিংটন

**আপনি যে দেশে বসবাস করেন:** সংযুক্ত আরব আমিরাত

**প্রযোজ্য** Remitly **অ্যাফিলিয়েট:** Remitly (DIFC) Limited Level 15 Unit GD-GB-00-15-BC-23, Gate District, Gate Building Dubai International Financial Centre, Dubai, United Arab Emirates

**লাইসেন্স সংক্রান্ত তথ্য:** Remitly (DFIC) Limited DFSA দ্বারা নিয়ন্ত্রিত

**নিয়ন্ত্রণকারী আইন:** ইংল্যান্ডের আইন